

## ■ হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য বিষয়াবলী

রচয়িতা/সকলকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-কাহতানী

৮০. বিবাহিত ব্যক্তির দো'আ এবং বাহন ক্রয়ের পর দো'আ

১৯১- “যখন তোমাদের কেউ কোনো মেয়েকে বিয়ে করে, অথবা কোনো খাদেম গ্রহণ করে, তখন যেন সে বলে,

১৯১- «اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ خَيْرَهَا، وَخَيْرَ مَا جَبَلْتَهَا عَلَيْهِ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرِّهَا، وَشَرِّ مَا جَبَلْتَهَا عَلَيْهِ، وَإِنَّا اشْتَرَى  
بَعِيرًا فَلَيَأْخُذْ بِنِرْوَةِ سَنَامِهِ وَلَيَقُلْ مِثْلَ ذَلِكَ».

(আল্লাহ-হুম্মা ইনি আসআলুকা খাইরাহা ওয়া খাইরা মা জাবালতাহা ‘আলাইহি, ওয়া আ’উয়ু বিকা মিন শাররিহা ওয়া  
শাররি মা জাবালতাহা ‘আলাইহি)

“হে আল্লাহ, আমি এর যত কল্যাণ রয়েছে এবং যত কল্যাণ তার স্বভাবে আপনি দিয়েছেন তা চাই। আর এর যত  
অকল্যাণ রয়েছে এবং যত অকল্যাণ ওর স্বভাব-চরিত্রে আপনি রেখেছেন তা থেকে আপনার আশ্রয় চাই।”

“আর যখন কোনো উট তথা বাহন খরিদ করে, তখন যেন সে তার কুঁজের সর্বোচ্চ স্থানে হাত রাখে এবং অনুরূপ  
বলে। [1]

### ফুটনোট

[1] আবু দাউদ-২/২৪৮, নং ২১৬০; ইবন মাজাহ ১/৬১৭, নং ১৯১৮। আরও দেখুন, সহীহ ইবন মাজাহ,  
১/৩২৪।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=999>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন